উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

কর্ণফুলী উপজেলা পরিষদের মে,২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফারুক চৌধুরী<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম |
| সভার তারিখ | : | ২৯ মে ২০২২ |
| সভার সময় | : | সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |
| সভার সংখ্যা | : | ৪০ তম |

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব শাহিনা সুলতানাকে অনুরোধ জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী বা আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন, কর্ণফুলী উপজেলায় ১ম পর্যায়ে ৭৬৪৭ জনকে এবং ২য় পর্যায়ে ১০৬৪৭ জনকে টিসিবি'র কার্ড দেয়া হয়েছে। আগামী জুন, ২০২২ মাসে সমগ্র বাংলাদেশে নিম্ন আয়ের ১(এক) কোটি পরিবারের নিকট টিসিবি'র নিত্যপ্রয়োজনীয় পণ্য ভর্তুকি মূল্যে বিতরণ করা হবে। টিসিবি'র পণ্য সামগ্রী বিতরণের সার্বিক সহযোগিতা করার জন্য ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। টিসিবি'র পণ্য সামগ্রী বিতরণে যাতে কোন প্রকার অনিয়ম না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে টিসিবি'র পূণ্য সামগ্রী বিতরণের যাতে কোন প্রকার অনিয়ম না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য ট্যাগ অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্যাগ অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,কর্ণফুলী উপজেলার চরলক্ষ্যা ইউনিয়নের ১জন মহল্লাদারকে দফাদার পদে পদোন্নতি এবং চরপাথরঘাটা ইউনিয়নের ৩ ও ৪ নং ওয়ার্ড, জুলধা ইউনিয়নের ৪নং ওয়ার্ড, শিকলবাহা ইউনিয়নের ৭ ও ৯ নং ওয়ার্ড ও বড়উঠান ইউনিয়নের ৭নং ওয়ার্ড এর শূণ্যপদে মহল্লাদার নিয়োগ প্রদান করা হয়েছে এবং নিয়োগকৃত দফাদার/ মহল্লাদারদেরকে আগামী ০১ জুন ২০২২ তারিখ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট যোগদান করতে নির্দেশনা দেয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নতুন নিয়োগকৃত দফাদার/মহল্লাদারকে যথাযথভাবে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ কর্ণফুলী, চট্টগ্রাম |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ফকিরনীর হাটে ঢুকতে ২টি ছাগলের দোকান ও ১টি অবৈধ গরু দোকান রয়েছে। যা প্রতিদিন সকাল ৯.০০ টা থেকে রাত ১০.০০ টা পর্যন্ত বেচা-কেনা করে থাকে। এতে ইজারাকৃত ফকিরনীর হাটে প্রভাব পড়ছে এবং ইজারাদার টোল আদায় থেকে বঞ্চিত হচ্ছে মর্মে একখানা অভিযোগ দাখিল করেছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ফকিরনীর হাটে ঢুকতে ২টি ছাগলের দোকান ও ১টি অবৈধ গরু দোকান বন্ধ করে দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার,কর্ণফুলী,চট্টগ্রামকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার,কর্ণফুলী, চট্টগ্রাম |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় আরও জানান যে, কলেজ বাজারে ১টি গভীর নলকূপ, ১টি ডাষ্টবিন ও পরিত্যাক্ত শৌচাগারটি সংস্কার এবং মইজ্যারটেক হাটে ১টি গভীর নলকূপ, ১টি ডাষ্টবিন ও ১টি শৌচাগার নির্মাণের জন্য সংশ্লিষ্ট ইজারাদারগণ পৃথক পৃথক আবেদন করেছেন। এ প্রসংগে উপজেলা চেয়ারম্যান বলেন, হাট-বাজার উন্নয়নের জন্য হাট-বাজার একাউন্টে যথেষ্ট অর্থ রয়েছে। হাট-বাজার উন্নয়নের জন্য প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাট-বাজার উন্নয়নের প্রকল্প গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হাট-বাজার উন্নয়ন কমিটি |
| ০৫ | চেয়ারম্যান, বড়উঠান ইউনিয়ন পরিষদ,কর্ণফুলী সভায় বলেন যে, ফাজিল খাঁর হাটটি করোনাকালীন সময়ে মূল বাজার থেকে পিএবি সড়কের পাশে বসে। ইতোমধ্যে মূল বাজারের সরকারি খাস জায়গা অনেকে অবৈধ দখল করেছে। বর্তমানে উক্ত পিএবি সড়কটি ৬ লাইনের নির্মাণ কাজ শুরু করায় বাজার বসানোর জায়গা নেই। ফাজিল খাঁর হাটের মূল বাজারের অবৈধ দখলকৃত জায়গা উদ্ধার করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বড় উঠান ইউনিয়নের ফাজিলখাঁর হাটের সরকারি জায়গা জরুরী ভিত্তিতে উদ্ধার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), কর্ণফুলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), কর্ণফুলী |
| ০৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কর্ণফুলী সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ থেকে ভিজিএফ বিতরণের মাষ্টার রোল এবং ইজিপিপি ২য় কিস্তির প্রকল্প তালিকা পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে ভিজিএফ বিতরণের মাস্টার রোল ও ইজিপিপি প্রকল্পের তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br><br>তিনি আরও বলেন, ইজিপিপি প্রকল্পের কাজ পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিএফ বিতরণের মাষ্টার রোল এবং ইজিপিপি ২য় কিস্তির প্রকল্প তালিকা আগামী ৭(সাত) দিনের মধ্যে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ইজিপিপি প্রকল্পের কাজ পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট ট্যাগ অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম<br><br>ট্যাগ অফিসার (সকল) ইউনিয়ন |
| ০৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্ণফুলী সভায় বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচি চালু করার জন্য ডাটাব্যাজ তৈরী করা হবে। খাদ্য বান্ধব সুবিধাভোগীদের তালিকাসহ তথ্য প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, সরকারিভাবে ৪০ মে:টন ধান এবং ৫২ মে: টন চাল ক্রয় করা হবে। ধান প্রতি কেজি ২৭/-টাকা এবং চাল প্রতি কেজি ৩৯/-টাকা। ধান ও চাল বিক্রির আগ্রহী কৃষকদের আনোয়ারা খাদ্য গুদামে ধান/চাল নেয়ার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে কৃষকদেরকে অবহিতকরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-গণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা,কর্ণফুলী<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম |
| ০৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় বলেন যে, প্রতিবন্ধী সুবিধাভোগীদের নিবন্ধন করা হচ্ছে। প্রতিবন্ধীদের স্বাস্থ্য পরীক্ষা করার জন্য পার্শ্ববর্তী বড়উঠান ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকের ডাক্তারকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিবন্ধীদের নিবন্ধনের জন্য স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কর্ণফুলী |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় জানান যে, বিগত ২০১৭ সালে কর্ণফুলী উপজেলা গঠিত হলেও উপজেলা নির্বাহী অফিসারের ব্যবহারের জন্য নতুন গাড়ী সরবরাহ দেয়া হয়নি। জেলা পরিবহনপুলে জমাকৃত অকেজো গাড়ী থেকে ছোটখাটো মেরামত করে ইতোমধ্যে ৩/৪ টি পুরাতন গাড়ী দেয়া হয়। সর্বশেষ বর্তমান গাড়িটি নিষ্কাশী উপজেলা নির্বাহী অফিসারের ব্যবহারকৃত জেলা পরিবহনপুলে জমাকৃত অকেজো গাড়িটি সাময়িকভাবে সচল করে এ উপজেলায় দেয়া হয়েছে। উক্ত গাড়িটিও বর্তমানে অচল হয়ে পড়ে রয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের গাড়ী মেরামতের জন্য বছরে মাত্র ২০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বরাদ্দ দিয়ে গাড়ীটি সচল রাখা মোটেই সম্ভব নয়। কর্ণফুলী উপজেলা দক্ষিণ চট্টগ্রামসহ বান্দরবান, কক্সবাজার পর্যটন জেলার প্রবেশদ্বার। প্রায় সময় বিভিন্ন উচ্চপদস্থ কর্মকর্তাগণ পর্যটন জেলার বান্দরবান ও কক্সবাজার যাতায়ত করেন। এ সময় উপজেলা নির্বাহী অফিসারের প্রটোকল প্রদানসহ প্রাকৃতিক দূর্যোগ ও আইন-শৃঙ্খলা রক্ষাসহ বিভিন্ন জরুরী কাজ করতে হয়। তাছাড়া, এ বছর নতুন গাড়ী বরাদ্দ পাওয়ার সম্ভাবনাও নেই। আগামী ১৫ জুন ২০২২ তারিখ অনুষ্ঠিতব্য চরপাথরঘাটা ইউনিয়ন পরিষদ নির্বাচনের পূর্বে গাড়িটি সচল রাখা প্রয়োজন। নতুন গাড়ী সরবরাহ না পাওয়া পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের গাড়িটি সচল রাখার লক্ষ্যে গাড়ীর ইঞ্জিন ডাউনসহ অন্যান্য যন্ত্রাংশ প্রতিস্থাপন ও মেরামতের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের গাড়ী ইঞ্জিন ডাউনসহ অন্যান্য যন্ত্রাংশ প্রতিস্থাপন ও মেরামতের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদান পূর্বক প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, কর্ণফুলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, কর্ণফুলী |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় জানান যে, আগামী ১২ জুন, ২০২২ তারিখের মধ্যে উপজেলা হিসাব রক্ষণ অফিসে বিল দাখিল করার জন্য উপজেলা সকল দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী ১২ জুন, ২০২২ তারিখের মধ্যে উপজেলা হিসাব রক্ষণ অফিসে বিল দাখিলের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা (সকল) দপ্তর |
| ১১ | উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও বলেন, জন্ম নিবন্ধন নিয়ে কর্ণফুলী উপজেলা অনেক পিছিয়ে রয়েছে। ২০/২৫ বছর বয়স হওয়ার পরও জন্ম নিবন্ধন হচ্ছে না। জন্ম নিবন্ধনের ইউনিয়ন ও ওয়ার্ডের টাস্ক ফোর্স কমিটির নিয়মিতভাবে পরিদর্শক/ট্যাগ অফিসারের উপস্থিতিতে সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন এবং পরিদর্শক/ট্যাগ অফিসার প্রতি ৬ মাসে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রতিবেদন দিবেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে জন্ম নিবন্ধনের ইউনিয়ন ও ওয়ার্ডের টাস্ক ফোর্স কমিটির নিয়মিতভাবে পরিদর্শক/ট্যাগ অফিসারের উপস্থিতিতে সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যান এবং পরিদর্শক/ট্যাগ অফিসার প্রতি ৬ মাসে প্রতিবেদন দেয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট পরিদর্শক/ ট্যাগ অফিসার<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল বিভাগের কর্মকর্তাগণকে আন্তরিকতার সহিত বিভাগীয় কার্যক্রম গতিশীল রেখে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানিয়ে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯.৫.২০২২
ফারুক চৌধুরী
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কর্ণফুলী, চট্টগ্রাম

স্মারক নং-০৫.২০.১৫৩৯.০০.০৩.০০১.২০২১-

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৯ মে ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। জেলা প্রশাসক,চট্টগ্রাম
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম
৫। ভূমি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা (মাননীয় ভূমি মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সিনিয়র সহকারী সচিব,উপজেলা শাখা, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কর্ণফুলী,চট্টগ্রাম
৮। সহকারী কমিশনার(ভূমি), কর্ণফুলী, চট্টগ্রাম
৯। উপজেলা........................................ (সকল)অফিসার, কর্ণফুলী
১০। চেয়ারম্যান......................................(সকল)ইউনিয়ন পরিষদ,কর্ণফুলী
১১। ......................................................................................................................

২৯/৫/২০২২
শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম

উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সদস্যের উপস্থিতির তালিকা:
উপজেলা: কর্ণফুলী, জেলা: চট্টগ্রাম
সভার তারিখ : ২৯ মে ২০২২

| ক্র.নং | নাম ও পদবী | ঠিকানা | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব ফারুক চৌধুরী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ | ০১৭১১৫৩৫৩৪৮<br>uzckarnafuly@ gmail. com | |
| ২ | জনাব শাহিনা সুলতানা | উপজেলা নির্বাহী অফিসার | ০১৭১২১৩৩৫১১ | |
| ৩ | জনাব দিদারুল ইসলাম | ভাইস চেয়ারম্যান | ০১৮১৪-১৪০৪১০<br>didarchy14@ gmail. com | |
| ৪ | জনাব বানাজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | ০১৯৩৮-১৭৪৮৩২<br>০১৭৫৭-৬৫৬১৬২<br>banajabegum@gmail.com | ২৯/০৫/২২ |
| ৫ | ডা: এস.এম নাওশেদ রিয়াদ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১০২০২২৭৬<br>karnaphuli@uhfpo.dghs.gov.bd<br>nowshedriyad@ gmail.com | ২৯/০৫/২২ |
| ৬ | জনাব কল্পনা রহমান<br>উপজেলা কৃষি কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১২২০১৫৩৭<br>Karnafully uao.ctg.22@gmail.com | |
| ৭ | ডাঃ রুমন তালুকদার<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | মোবা: ০১৮১৮১৮৫২২২<br>rumon_vet@yahoo.com | |
| ৮ | জনাব গোলাম মোস্তফা<br>উপজেলা প্রকৌশলী | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১১৩৪৭৪৪৬<br>eng.golammostofa@gmail.com<br>ue.karnafuli@lged.gov.bd | ২৯/৫/২০২২ |
| ৯ | জনাব মো: খোরশেদ আলম<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৫৫৪-৩৪০২৫২<br>ufpopatictg@ gmail.com<br>khorshad64@ gmail.com<br>sumiteng378@gmail.com | ২৯/৫/২০২২ |
| ১০ | জনাব স্বপন চন্দ্র দে,<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭২৫৪১৭৫৪২<br>swapan_43@ yahoo.com | |
| ১১ | জনাব মহিউদ্দিন মো: আলমগীর<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৮১৯৮৩০৬২১<br>ueokarnafulictg@gmail.com | |
| ১২ | জনাব বাবুল চন্দ্র নাথ<br>উপজেলা মধ্যমিক শিক্ষা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৯১৪৪৬১৯৫২<br>০১৫৫৬৪৫০০৫৮<br>useokarnafuli@gmail.com | |
| ১৩ | জনাব মো: সোহানুর মোস্তফা শাহরিয়ার<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৬৭২৯০১২১০<br>shahriar.dusoc@gmail.com | |
| ১৪ | জনাব উমা খান কাফি<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৮৬৬২৮৩৮১৫<br>ukkafi2012@gmail.com | |
| ১৫ | জনাব শাহনাজ আকতার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭৭৮৭৪৩৫০০<br>uwaopatiyactg1@ gmail.com | |
| ১৬ | জনাব মীর ইমরান হোসাইন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৮৭৮৫১০৯৮৭<br>miremran1987@gmail.com | |
| ১৭ | জনাব মোঃ ফকরুল আলম<br>উপজেল্য খাদ্য নিয়ন্ত্রক | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭২১০২১৭১০<br>alamfakrul1990@gmail.com | |
| ১৮ | জনাব মো: এনামুল হক সরকার<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | mdanamul1401@gmail.com<br>০১৯৬৩৮০১৪০১ | |
| ১৯ | উপজেলা সমবায় কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭০৫-০৬৩৯৭৯<br>০১৮১৮-৩৯৮৩০৬ | |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭২৫৪৮১৬০৮<br>m.hasmatalibam@gmail.com | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা | কর্ণফুলী,চট্টগ্রাম | | |
| ২২ | জনাব সামছুল ইসলাম<br>সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | কর্ণফুলী,চট্টগ্রাম | ০১৯১৪৭১৯৪৮২<br>engsislam1965@gmail.com | |
| ২৩ | জনাব মো: নজরুল ইসলাম<br>সহকারী পরিচালক<br>ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১৬৫২৩৮৪১<br>nazrulcpp@gmail.com<br>babulcpp@ gmail.com | |
| ২৪ | উপ-মহাব্যবস্থাপক,পল্লী বিদ্যুৎ সমিতি | জোনাল অফিস, কর্ণফুলী | ০১৭৬৯-৪০৭৩৫২<br>ctg1kp@gmail.com | |
| ২৫ | উপজেলা সমন্বয়কারী,একটি বাড়ি একটি খামার | কর্ণফুলী,চট্টগ্রাম | ০১৯৩৮৮৭৯৬২৮<br>ucokarnafuli@ebek-rdcd.gov.bd | |
| ২৬ | জনাব এম.এন.ইসলাম. (সাবেক কমান্ডার) মুক্তিযোদ্ধা সংসদ | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৮১৯-৩৩৮৪৯৯ | |
| ২৭ | জনাব মোহাম্মদ সোলায়মান<br>চেয়ারম্যান, চরলক্ষ্যা ইউ,পি | কর্ণফুলী, চট্টগ্রাম | mddeloyar2@gmail. com | |
| ২৮ | জনাব ছাবের আহমদ<br>চেয়ারম্যান,চরপাথরঘাটা ইউ,পি | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১৩-১২০৮৯৯<br>rijakhan1502@gmail.com | |
| ২৯ | জনাব জাহাঙ্গীর আলম<br>চেয়ারম্যান,শিকলবাহা ইউ,পি | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৮১১-৮৩৩৬৬২<br>tuhinmd59h@gmail.com | |
| ৩০ | জনাব হাজী মোহাম্মদ নুরুল হক<br>চেয়ারম্যান,জুলধা ইউ,পি | কর্ণফুলী, চট্টগ্রাম | 01817716144<br>juldhaup55h@gmail.com | |
| ৩১ | জনাব মোহাম্মদ দিদারুল আলম<br>চেয়ারম্যান, বড় উঠান ইউ,পি | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭১৭-১৩৩০৩০<br>uisc.barouthan@gmail.com | |
| ৩২ | জনাব মিজানুর রহমান,<br>রেঞ্জ কর্মকর্তা,পটিয়া রেঞ্জ | পটিয়া রেঞ্জ | ০১৮১৯৩৩২৪০১<br>mizanctg.bd@gmail.com | |
| ৩৩ | উপজেলা নির্বাচন অফিসার | কর্ণফুলী, চট্টগ্রাম | abdulsukkur935@gmail.com | |
| ৩৪ | জনাব ফাতেমা জান্নাত স্বর্ণা<br>সহকারী প্রোগ্রামার | কর্ণফুলী, চট্টগ্রাম | ০১৭৪৬৬৩৬৪১৯<br>sharnasec@gmail.com | |
| ৩৫ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | কর্ণফুলী, চট্টগ্রাম | 01794774463 | 20/05/2022 |
| ৩৬ | | | | |

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম
www.karnafuli.chittagong.gov.bd

## সভার নোটিশ

আগামী ২৯/০৫/২০২২ রোজ রবিবার সকাল ১১.৩০ ঘটিকার সময় কর্ণফুলী উপজেলা পরিষদের মে-২০২২ মাসের মাসিক সাধারণ সভা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব ফারুক চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচী:

১। বিগত সভার কার্যবিবরণী আলোচনা ও অনুমোদন।
২। উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন ও পর্যালোচনা।
৩। বিভাগীয় কার্যক্রম আলোচনা
৪। বিবিধ।

25/05/2022
শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম
unokarnafuli@mopa.gov.bd
মোবাইল:০১৭১২১৩৩৫১১

স্মারক নং-০৫.২০.১৫৩৯.০০.০৩.০০.০০২.২০২১-২৮৫

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৫ মে ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৩ (আনোয়ারা-কর্ণফুলী) ও উপদেষ্টা,কর্ণফুলী, চট্টগ্রাম
২। জেলা প্রশাসক, চট্টগ্রাম
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম
৬। ............................................................., কর্ণফুলী, চট্টগ্রাম
৭। ..............................................................................................................
৮। অফিস নথি

25/05/2022
শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম